

3 (Sem-1) BEN M 2

2 0 1 7

BENGALI
(Major)

Paper : 1.2

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks
for the questions

- ১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×১০=১০
- (ক) “কমলা-শিব-বিহি- দুলহ প্রেমধন
দান করয়ে জগজনে ॥”
‘বিহি’ শব্দের অর্থ কী ?
- (খ) “দিটি মোর পুরশিতে ও হাসি অলখিতে
শেল রহল হাদিমাঝে ॥”
‘অলখিতে’ শব্দের গদ্যরূপ লেখো ।
- (গ) “টির চন্দন উরে হার না দেলা ।”
পদটির রচয়িতা কে ?
- (ঘ) “এ সবি হাঝারি দুখের নাহি ওর ।”
এটি কোন্ পুরাণের পদ ?
- (ঙ) “রূপ লাগি আঁবি _____ গুণে মন ভোর ।”
(শূন্যস্থান পূর্ণ করো)

- (চ) “_____ পড়িলে সে বিদ্যারস পায় ॥”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (ছ) “প্রভু কহে সধিকার্য নাহিক যাহার ।
কলিযুগে _____ পদবী তাহার ॥”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (জ) “প্রভু কহে বৈদ্য তুমি ইহা কেনে পড় ।”
উক্তিটি কার উদ্দেশ্যে করা হয়েছে ?
- (ঝ) “নলাটে শোভয়ে উর্ধ্ব তিলক সুন্দর ।
শিরে শ্রীচাঁচর কেশ সর্ব মনোহর ॥”
এখানে কার কথা বলা হয়েছে ?
- (ঞ) নবদ্বীপের কোন্ অধ্যাপককে সান্দীপনি মুনির সঙ্গে তুলনা করা হয়েছে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) চৈতন্যের সঙ্গে গঙ্গাদাস পণ্ডিতের টোলে যারা পড়তেন,
তাদের যে কোনো দুজনের নাম লেখো ।
- (খ) “এই মত অন্য-অন্যে দুই মহামতি ।
কৃষ্ণপ্রেমে না জানেন কোথা দিবারাতি ॥”
এই দুই মহামতির নাম কী ?
- (গ) শ্রীহট্টে জন্মগ্রহণ করেছেন এমন দুজন বৈষ্ণবের নাম
লেখো ।
- (ঘ) গদ্যরূপ নির্দেশ করো :
বাখানিতে; পেঞ্চলুঁ ।
- (ঙ) রূপানুরাগের শ্রেষ্ঠ পদকর্তা কে ? ইনি চৈতন্য-পূর্ববর্তী, না
পরবর্তী যুগের কবি ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) টীকা লেখো :

বৃন্দাবনদাস অথবা শচীদেবী

(খ) চৈতন্য-পূর্ববর্তী বঙ্গদেশের ধর্ম-কর্মের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) “প্রভু বোলে তোরা মোরে না দিস পড়িতে।
ভদ্রাভদ্র মূর্খ বিপ্র জানিব কেমনে ॥”

প্রসঙ্গ উল্লেখ-পূর্বক উক্তাংশের বক্তব্য বিশদ করো।

(ঘ) পূর্বরাগ কাকে বলে? পূর্বরাগ কতভাবে জাত হয়, লেখো।

(ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“জনম অবধি হাম রূপ নেহারলু

নয়ন না তিরপিত ভেল।

সোই মধুর বোল শ্রবণহি শুনলু

শ্রুতিপথে পরশ না গেল ॥”

(চ) তাৎপর্য বিশদ করো :-

“চির চন্দন উরে হার না দেলা।

সো অব নদী-গিরি আঁতর ভেলা ॥”

ক—গুচ্ছ এবং খ—গুচ্ছের প্রতিটি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর লেখো :

১০×৪=৪০

ক—গুচ্ছ

৪। (ক) ‘বৈষ্ণব পদাবলি’-র কাব্যগুণ পাঠিত পদাবলি থেকে উদ্ধৃতি সহযোগে আলোচনা করো।

- (খ) মাথুর পর্যায়ে রাখার চরিত্র অঙ্কনে বৈষ্ণব পদকর্তাদের কৃতিত্ব পাঠ্যপদগুলো অবলম্বনে আলোচনা করো ।
- (গ) অভিসারের সংজ্ঞা নির্দেশ করে- এই পর্যায়ে পদরচনায় বৈষ্ণব পদকর্তাদের কৃতিত্ব আলোচনা করো ।
- (ঘ) তোমার পঠিত জ্ঞানদাসের পদগুলো আলোচনা করে বৈষ্ণব পদসাহিত্যে তাঁর স্থান নির্দেশ করো ।

খ—গুচ্ছ

- ৫। (ক) “বৃন্দাবনদাসের কবিদৃষ্টি তাঁর রচনাকে সুঠাম মানব-রসের সিঞ্ছনে হৃদয় করে তুলেছে।” “চৈতন্যভাগবত’-এর পঠিত অংশ অবলম্বনে আলোচনা করো ।
- (খ) “চৈতন্যের বাল্যজীবনের বর্ণনায় বৃন্দাবনদাস প্রায়ই অলৌকিক ঘটনারাজির আশ্রয় গ্রহণ করেছেন; এতে চৈতন্যের দেবত্ব প্রতিষ্ঠিত হলেও জীবনীকাব্য হিসেবে গ্রন্থের মান ক্ষুণ্ণ হয়েছে।” মন্তব্যটি সম্পর্কে তোমার অভিমত যুক্তিসহ উপস্থাপিত করো ।
- (গ) “একালে যাকে আমরা বলি human interest, মানব-রস, ‘চৈতন্যভাগবত’-এ তার অভাব নেই। এখানেই এ কাব্যের শ্রেষ্ঠত্ব।” তোমার পঠিত অধ্যায়গুলো অবলম্বনে আলোচনা করো ।
- (ঘ) “জীবনীকাব্য হলেও বৃন্দাবনদাস ‘চৈতন্যভাগবত’ গ্রন্থকে ভক্তিরসের আকরগ্রন্থ করে তুলেছেন।” মন্তব্যটির যথার্থতা প্রতিপন্ন করো ।
